

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহন পুল ভবন (কক্ষ নং-১১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৮৬.০৮.০৫৪.১৯-৩৮০

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬  
২৩ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৫২৪৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৫২৪৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৫২৪৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপন্ডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৫২৪৪/২০১৯	জনাব মোঃ ইমরান আলী, পিতা- বসির উদ্দিন, ছাত্র অভিভাবক, আছলেউদ্দিন প্রধান সিনিয়র (আলিম) মান্দ্রাসা, হরিপুর, ঠাকুরগাঁও।	সচিব, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, চেয়ারম্যান, বাংলাদেশ মান্দ্রাসা শিক্ষা বোর্ড ও আরো অন্যান্যসহ মোট ০৬ (ছয়) জন।	জনাব মোঃ জয়নাল আবেদীন ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলাধীন "বহুত উচ্চ বিদ্যালয়ের" সহকারি শিক্ষক মর্মে প্রত্যয়ন সংযুক্ত (পৃঃ ৪)। উক্ত জয়নাল আবেদীন-কে একই উপজেলার "আছলেউদ্দিন প্রধান সিনিয়র (আলিম) মান্দ্রাসা'র" গভর্ণিং বড়ির সভাপতি মনোনীত করে বাংলাদেশ মান্দ্রাসা শিক্ষা বোর্ড হতে ০৩/০২/২০১৯ তারিখে বামাশিবো/প্রশা/ ৩৩০১৯১২৮৮৩৫১/১৫৭৪৯/নথি নং-৫৮ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ০৪/০৬/২০১৯ করা হয়। উক্ত প্রজ্ঞাপনের বিবুক্ষে সংক্ষুক্ষ হয়ে এবং নির্বাচিত গভর্ণিং বড়ি গঠনে "বাংলাদেশ মান্দ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বড়ি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ৭(২) এর বিধান ভঙ্গ হওয়ায় বর্তিত প্রতিষ্ঠানের ছাত্র অভিভাবক জনাব মোঃ ইমরান আলী, পিতা- বসির উদ্দিন কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৫২৪৪/২০১৮ মামলা দায়ের করা হয়।

০১। উল্লেখ্য গত ০৭/০৫/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে "বাংলাদেশ মান্দ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা"র (গভর্ণিং বড়ি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ৭(২) এর বিধান ভঙ্গ করে বর্তিত প্রতিষ্ঠানের গভর্ণিং বড়ি অনুমোদন দিয়ে ০৩/০২/২০১৯ তারিখে  
বামাশিবো/প্রশা/৩০১৯১২৮৮৩৫১/১৫৭৪৯/নথি নং-৫৮ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ০৪/০৬/২০১৯  
তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শনোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। একইসাথে আলোচ্য প্রতিষ্ঠানের গভর্ণিং বড়ির অনুমোদন দিয়ে বামাশিবো হতে জারীকৃত উক্ত স্মারকের কার্যক্রম ০৬ (ছয়) মাস স্থগিত রাখার জন্য  
অন্তবৰ্তীকালীন আদেশ দেয়া হয়েছে। পাশাপাশি উক্ত অন্তবৰ্তীকালীন সময়ে প্রতিষ্ঠানের বেতন বিলে প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর ও উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর,  
ঠাকুরগাঁও-কে প্রতিস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ  
অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে  
অবহিত করা আবশ্যিক।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৫২৪৪/২০১৯ মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর  
সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আদালতে জবাব (Affidavit in  
Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগমনি ০৩/০৭/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকস্থ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে  
অনুরোধ করা হলো।

মোঃ আলোক মিশ্র (২৩৭১৮)  
সিনিয়র সহকারী সচিব (আইন)

চেয়ারম্যান  
বাংলাদেশ মান্দ্রাসা শিক্ষা বোর্ড  
বকশিবাজার, ঢাকা।

অন্তিম সন্দয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সন্দয় অবগতির জন্য)।
- ২। সিটেম এনালিস্ট, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মান্দ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অভিত ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।